



ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
Third Term Examination-2019



Sub: Bengali Text

Class: 6

F.M: 80

Duration: 2 hrs. 30 min.

Answer Script

Date: 15.11.2019

বিভাগ - ক

১। সঠিক উত্তরটি লেখো।

(১×৫=৫)

১.১ জীবনের হিসাব কবিতাটি যে কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে তা হল -

উঃ (খ) খাইখাই

১.২ স্নান যাত্রার মেলা বসেছে -

উঃ (ক) রথের তলায়

১.৩ বঙ্গভূমির প্রতি কবিতায় কবিতাটি পাঠানো হয়েছিল -

উঃ (গ) রাজনারায়ণকে

১.৪ রাজা পূজা দিয়েছিলেন -

উঃ (খ) বালেশ্বরী মন্দিরে

১.৫ রাধারানি কোথায় রথ দেখতে গিয়েছিল-

উঃ (গ) মাহেশে

২। বাঁদিক ও ডান দিক মিলিয়ে লেখো।

(১×৫=৫)

উঃ-

(ক)রাধারানি কাঁদিতে কাঁদিতে কতোগুলি

(ক)বনফুল তুলিয়া তাহার মালা গাঁথিল

(খ)প্রায় দশ লক্ষ টাকার সম্পত্তি

(খ)ডিক্রিদার সকলই লইল

(গ)সেই নদীতীরে এক অন্ধকার রাত্রে

(গ)এসে দাঁড়ালো উমেশ

(ঘ)ময়লা ছেঁড়া ন্যাকড়া পরা

(ঘ)দু তিনটে মানুষ

(ঙ)লাভের মধ্যে যারা সবটা জানতেনা

(ঙ)তারাও জেনে গেলো

৩। শূন্যস্থান পূরণ করো:

(১×৫=৫)

উঃ বিদ্যেবোঝাই বাবুমশাই চড়ি শখের বোটে

মাঝিরে কন বলতে পারিস সৃষ্টি কেন ওঠে?

চাঁদটা কেন বাড়ে কমে জোয়ার কেন আসে

বৃদ্ধ মাঝি অবাক হয়ে ফ্যালফ্যালিয়ে হাসে

৪। নীচের প্রশ্ন গুলোর অতি সংক্ষেপে উত্তর দাও:

(১×৫=৫)

৪.১ রাধারানি গল্পে রাধারানির বাড়িতে আর কে আছে?

উঃ- তার মা

৪.২ বনফুলের প্রকৃত নাম কি?

উঃ- বলাইচাঁদ মুখোপাধ্যায়

৪.৩ একটি মোরগ কোথায় আশ্রয় নিয়েছিলো?

উঃ- বিরাট প্রাসাদের ছোট্ট এক কোণে

৪.৪ দোকানের দই সম্বন্ধে কাষ্ঠগোপাল বাবুর কী ধারণা?

উঃ- সেগুলো অর্ধেক চুনের গোলা

৪.৫ জীবনকে নদীর সঙ্গে তুলনা করার কারণ কি?

উঃ- জীবন ও নদী দুটিই কখনো থেমে থাকেনা, অর্থাৎ দুটিই প্রবহমান।

৫। সত্য মিথ্যা বিচার করো:

(১×৫=৫)

৫.১ পটলা অঙ্কে তিন পেয়েছিলো

(সত্য)

৫.২ কর্ণাটের রাজা কাঞ্চী জয় করতে গেলেন

(মিথ্যা)

৫.৩ পথের ধারে ফুলবাগানে ছেলেরা খেলা করছিলো

(মিথ্যা)

৫.৪ কিছু বছর আগে তাদের গ্রামে মিলিটারি রেড হয়েছে

(মিথ্যা)

৫.৫ রাধারানির বয়স ৭ বছর

(মিথ্যা)

বিভাগ - খ

৬। শব্দের অর্থ লেখো ও বাক্যরচনা করো:

(২×৫=১০)

উঃ- শব্দের অর্থ

(ক) তামরস - লাল পদ্ম

(খ) সাধ - ইচ্ছা

(গ) অবিশ্রান্ত - অনবরত

(ঘ) বৃথা - ব্যর্থ

(ঙ) মূর্খ - বোকা

৭। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও:

(৩×৫=১৫)

৭.১ 'জ্ঞান বিনা তোর জীবনটা যে চারি আনাই মাটি' - বক্তা কাকে কেন একথা বলেছিলেন?

উঃ- বাবুমশাই মাঝিকে এ কথা বলেছিল কারণ মাঝি বাবুমশাইয়ের চাঁদ সূর্য সম্পর্কিত কিছু প্রশ্নের উত্তর দিতে পারেনি।

৭.২ স্নানযাত্রার মেলায় সবচেয়ে আনন্দিত কে? তার আনন্দের কারণ কি?

উঃ- একটি মেয়ে। কারণ সে একটি তালপাতার বাঁশি কিনেছে।

৭.৩ "মানসে মা যথা ফলে" - 'মানসে' কথাটির মধ্য দিয়ে কবি কি বোঝাতে চেয়েছেন?

উঃ- একটি মানস বলতে মানস সরোবার এবং আর একটি হল মন।

৭.৪ পটলার মনে কাষ্ঠগোপাল কী ধরনের দুঃখ দিয়েছিল?

উঃ- পটলা যে অঙ্কে তিন পেয়েছিল সেটা বাজারের মাঝখানে সব লোকের মধ্যে জিজ্ঞাসা করে তাকে কষ্ট দিয়েছিল।

৭.৫ রাধারানি মায়ের পথের প্রয়োজনে কী করেছিলো?

উঃ- বনফুলের মালা গাঁথে রথের হাটে বিক্রি করতে গেল।

৭.৬ খেয়া পার হতে না পারলে দুই বন্ধুর কী ক্ষতি হবে? দুই বন্ধুর নাম লেখো।

উঃ- খেয়া পার হতে না পারলে দুই বন্ধু মেডিকেল কলেজে ভর্তি হতে পারবেনা। দুই বন্ধুর নাম - উমেশ এবং নবীন।

৭.৭ 'মহরাজারে সভায় থাকলে আমি হাসতে ভুলে যাব'- কে কেন একথা বলেছে?

উঃ- বিদূষক এ কথা বলেছিল কারণ রাজা ছিল অত্যন্ত নির্ভুর ও অত্যাচারী।

বিভাগ – গ

৮। নীচের যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দাও।

(৫×৬=৩০)

৮.১ স্নানযাত্রার মেলায় সুখ ও দুঃখের বিপরীত চিত্র দুটির বর্ণনা করো।

উঃ- একটি মেয়ে আনন্দিত কারণ সে এল পয়সা দিয়ে একটি তালপাতার বাঁশি কিনেছে। কিন্তু একটি ছেলের কাছে রাঙালাঠি কেনার মত একটি পয়সাও নেই।

৮.২ 'তোমার দেখি জীবন খানা ষোল আনাই মিছে' – বক্তা কাকে কেন একথা বলেছে তা লেখো।

উঃ- বাবুমশাই এর পুঁথিগত বিদ্যা থাকলেও তার জীবন বাঁচানোর কৌশল জানা নেই। একথা বোঝাতেই মাঝি এই উক্তি করেছে।

৮.৩ "বঙ্গভূমির প্রতি" কবিতা অনুসারে কবির মনোভাব ব্যক্ত করো।

উঃ- কবি মাইকেল মধুসূদন দত্ত বঙ্গমাতার কাছে তার অমরত্বের যে প্রার্থনা করেছেন তা লিপিবদ্ধ করতে হবে।

৮.৪ 'খাকি পোশাক দেখলেই সমস্ত মন কন্টকিত হয়ে ওঠে তার! ভয়ে নয় ঘৃণায়' – কার এবং কেন এমন হয়?

উঃ- নৌকার মাঝির এমন হয়। কিছুদিন আগেই তাদের গ্রামে মিলিটারি রেড হয়ে গেছে, তাই তার এমন মনে হয়।

৮.৫ রাধারানির মা তাকে বিয়ে দিতে পারেনি কেন? তাদের বর্তমান অবস্থা কেমন?

উঃ- রাধারানির পিতা নেই। তার উপর জ্ঞাতির সঙ্গে মোকদ্দমা হওয়ায় রাধারানির মা সর্বশান্ত হল। তাই রাধারানির বিয়ে দিতে পারেনি। বর্তমানে তারা অতি কষ্টে দিন যাপন করে।

৮.৬ মেলা থেকে ফেরার সময় কী ঘটনা ঘটেছিল?

উঃ- মেলা থেকে ফেরার সময় সহৃদয় রুক্মিনীকুমারের সাথে রাধারানির দেখা ও পরিচয় হয়েছিল।

৮.৭ দাওয়াই কথাটির অর্থ কি? গল্পে কে কিভাবে দাওয়াই পেল?

উঃ- দাওয়াই কথার অর্থ ওষুধ। গল্প অনুযায়ী বর্ণনা করতে হবে।

৮.৮ "তারপর সত্যি একদিন প্রাসাদে ঢুকতে..." –কে ঢুকতে পারলো? কীভাবে ঢোকার সুযোগ পেয়েছিলো তা নিজের ভাষায় লেখো।

উঃ- মোরগটি প্রাসাদে ঢুকতে পারলো। কিন্তু খাবার পেতে নয় খাবার হিসেবে।